জেলা শিল্পকলা একাডেমি, সিলেট
shilpakala.sylhet.gov.bd

নম্বর : ৪৩.২০.৯১০০.০০১.১৬.০০১.২০.১৩৬

তারিখ : ২১ ভাদ্র ১৪২৮ / ০৫ সেপ্টেম্বর ২০২১

## সম্পাদিত কার্যক্রমের প্রতিবেদন : আগস্ট ২০২১

**১। জাতীয় শোক দিবস এবং শহীদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মদিনের ড্রপডাউন ব্যানার টানানো :** স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৬তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষ্যে একটি ড্রপডাউন ব্যানার এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীরমুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭২তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে একটি ড্রপডাউন ব্যানার জেলা শিল্পকলা একাডেমি প্রাঙ্গণে ড্রপডাউন ব্যানার টানানো হয়।

**২। বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭২তম জন্মবার্ষিকী উদযাপন :** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭২তম জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় জেলা শিল্পকলা একাডেমি সিলেট কর্তৃক উদযাপন করা হয়। দিবসটি উদ্যাপনের অংশ হিসেবে ০৫ আগস্ট সকাল ৯টায় সিলেট জেলা স্টেডিয়ামে শহীদ ক্যাপ্টেন শেখ কামালের অস্থায়ী প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এছাড়াও অনলাইন ভিত্তিক আয়োজিত শিশু চিত্রাংকন প্রতিযোগিতায় বিজয়ীদের বেলা ১২:৩০টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে পু্রস্কার প্রদান করা হয়। সিলেটের জেলা প্রশাসক এম কাজী এমদাদুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ী শিক্ষার্থীদের পুরস্কার প্রদান করেন। পুরস্কার প্রদান অনুষ্ঠানে জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এ. এইচ. এম মাহফুজুর রহমান ও জেলা শিশু বিষয়ক কর্মকর্তা সাইদুর রহমান ভূইয়া প্রমুখ। চিত্রাংকন প্রতিযোগিতায় 'ক' বিভাগে অদ্বিতীয়া পাল, অনিরুদ্ধ পাল ও রুকনিন শাদীদ চৌধুরী; 'খ' বিভাগে প্রভা দেব, সাবিহা তাসমিম তন্দ্রা ও দিব্যজ্যোতি সাহা এবং 'গ' বিভাগে অনুপমা বণিক, অর্পিতা রায় ও যুবরাজ মালাকার যথাক্রমে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকার করেন।

**৩। জাতীয় শোক দিবস ২০২১ পালন :** স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৬তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষ্যে জেলা শিল্পকলা একাডেমি সিলেটের পক্ষ থেকে ১৫ আগস্ট সকাল ৮:৩০টায় জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণে স্থাপিত বঙ্গবন্ধু ম্যুরালে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করা হয়। পরে বেলা ১২:৩০টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে দিবসটি পালন উপলক্ষ্যে আয়োজিত অনলাইনভিত্তিক চিত্রাংকন, আবৃত্তি, ভাষণ ও সংগীত প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার প্রদান করা হয়। সিলেটের জেলা প্রশাসক এম কাজী এমদাদুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ী শিক্ষার্থীদের হাতে পুরস্কার ও সনদপত্র তুলে দেন। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সঞ্চালনায় পরিচালিত পুরস্কার প্রদান অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মোঃ আনোয়ার সাদাত, ভূমি অধিগ্রহণ কর্মকর্তা ইশতিয়াক ইমন, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রেহেনা আক্তার, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা সাইদুর রহমান ভূঞা প্রমুখ। প্রতিযোগিতায় মোট ২৮ জন বিজয়ী শিক্ষার্থীকে পুরস্কৃত করা হয়। এখানে উল্লেখ্য যে, জেলা শিল্পকলা একাডেমির উদ্যোগে ১২ আগস্ট অনলাইনভিত্তিক চিত্রাংকন, আবৃত্তি ও ৭ই মার্চের ভাষণ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

**৪। উপজেলা, মহানগর, জেলা ও বিভাগীয় পর্যায়ে অনলাইন ভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন :** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদতবার্ষিকী ২০২১ পালন উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে দেশের সকল উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে অনলাইন ভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এরই অংশ হিসেবে সিলেট জেলা প্রশাসন ও জেলা শিল্পকলা একাডেমির ব্যবস্থাপনায় সিলেটের সকল উপজেলা, মহানগর, জেলা ও বিভাগীয় পর্যায়ে আয়োজন করা হয় অনলাইন ভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতা। উল্লেখ্য যে, ১০ আগস্ট সিলেট মহানগর, ১৪ আগস্ট সিলেট জেলা ও ২২ আগস্ট সিলেট বিভাগীয় পর্যায়ের অনলাইনভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

**৫। জেলা পরিষদ সিলেট আয়োজিত জাতীয় শোক দিবস উপলক্ষ্যে মাসব্যাপী আয়োজনে সমন্বয় ও ব্যবস্থাপনা :** 'মুজিবর আছে বাংলার ঘরে ঘরে' এই প্রতিপাদ্যকে সামনে রেখে জেলা পরিষদ সিলেট-এর পৃষ্ঠপোষকতায় এবং জেলা প্রশাসন সিলেটে-এর সহযোগিতায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২১ পালন উপলক্ষ্যে অনলাইন ভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়। চিত্রাংকন, কবিতা আবৃত্তি, সংগীত ও অসমাপ্ত আত্মজীবনী গ্রন্থ থেকে পাঠ বিষয়ে প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হয়। সকল বিষয়ের প্রতিযোগিতা মোট চারটি করে গ্রুপে অনুষ্ঠিত হয়। গত ২৪ ও ২৫ আগস্ট প্রতিযোগিতার বিচার কাজ সম্পাদন করা হয় এবং ৩১ আগস্ট ২০২১ তারিখে সিলেট জেলা পরিষদ মিলনায়তনে বিজয়ীদের পুরস্কৃত করা হয়। প্রতিযোগিতায় সমন্বয়ক ও সদস্য সচিবের দায়িত্ব পালন করেন জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্ত এবং ব্যবস্থাপনায় জেলা শিল্পকলা একাডেমি সিলেট।

[চলমান পাতা -২]

**৬। মহানগর, জেলা ও বিভাগীয় পর্যায়ে অনলাইন ভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার বিতরণ :** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে এবং জেলা প্রশাসন ও জেলা শিল্পকলা একাডেমির ব্যবস্থাপনায় সিলেট মহানগর এবং সিলেট জেলা পর্যায়ের অনলাইনভিত্তিক সংগীত, আবৃত্তি ও ভাষণ প্রতিযোগিতায় বিজয়ীদের ১৫ আগস্ট বেলা ১২:৩০টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বিজয়ীদের পুরস্কার প্রদান করা হয়। সিলেটের জেলা প্রশাসক এম কাজী এমদাদুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ী শিক্ষার্থীদের হাতে পুরস্কার ও সনদপত্র তুলে দেন। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সঞ্চালনায় পুরস্কার প্রদান অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মোঃ আনোয়ার সাদাত, ভূমি অধিগ্রহণ কর্মকর্তা ইশতিয়াক ইমন, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রেহেনা আক্তার, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা সাইদুর রহমান ভূঞা প্রমুখ। প্রতিযোগিতায় মহানগরের ১৮ জন ও জেলার মোট ১৮ জন বিজয়ী শিক্ষার্থীকে পুরস্কৃত করা হয়। ৩১ আগস্ট বেলা ১২টায় সিলেট জেলা পরিষদ মিলনায়তনে সিলেট বিভাগীয় পর্যায়ের ১৮জন বিজয়ী প্রতিযোগীদের পুরস্কার প্রদান করা হয়। পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিলেট বিভাগের বিভাগীয় কমিশনার ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব মোঃ খলিলুর রহমান। সিলেট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা দেবজিৎ সিংহ-এর সভাপতিত্বে এবং জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্ত-এর সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিলেটের জেলা প্রশাসক এম কাজী এমদাদুল ইসলাম ও সিলেট সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর শামীমা চৌধুরী। শুভেচ্ছা বক্তব্য রাখেন সম্মিলিত নাট্য পরিষদের সাধারণ সম্পাদক রজত কান্তি গুপ্ত।

**৭। জাতীয় পর্যায়ে আয়োজিত প্রবন্ধ প্রতিযোগিতা ২০২১ এর প্রচারণা :** বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব-এর ৯১তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে জাতীয় পর্যায়ে আয়োজিত প্রবন্ধ প্রতিযোগিতা ২০২১-এর প্রচারণা জেলা শিল্পকলা একাডেমি সিলেট কর্তৃক চালানো হয়ে ।

**৮। 'সবার আগে শিশু' শীর্ষক অনলাইন অনুষ্ঠানে সিলেট বিভাগের শিশুশিল্পীর অংশগ্রহণ :** জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে অনলাইন ভিত্তিক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে ২৫ আগস্ট সন্ধ্যায় 'সবার আগে শিশু' শীর্ষক কর্মসূচিটি অনুষ্ঠিত হয়। এতে জেলা শিল্পকলা একাডেমি সিলেটের প্রশিক্ষণার্থী শিশুশিল্পী অর্পিতা রাণী তালুকদার অর্ণা অংশগ্রহণ করেন। 'মুজিব মানে আর কিছু না, মুজিব মানে মুক্তি' গানটি পরিবেশন করেন।

**৯। 'এ মাটি নয় জঙ্গিবাদের, এ মাটি মানবতার' গানটির ভিডিওতে সিলেটের শিশুশিল্পীর অংশগ্রহণ :** দেশের আটটি বিভাগের ১০জন প্রতিশ্রুতিশীল শিশুশিল্পীকে নিয়ে বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক নির্মাণ করা হয়েছে একটি গানের ভিডিও। যার শিরোনাম 'এ মাটি নয় জঙ্গিবাদের, এ মাটি মানবতার'। গানটির গীতিকার ও সুরকার বাংলাদেশ শিল্পকলা একাডেমির সম্মানিত মহাপরিচালক জনাব লিয়াকত আলী লাকী, সংগীত পরিচালনায় জনাব ফুয়াদ নাসের বাবু ও সার্বিক তত্ত্বাবধানে ছিলেন জনাব ইয়াসমীন আলী।

**১০। প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম :** বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রণীত প্রশিক্ষণকেন্দ্র পরিচালন নীতিমালা ও নির্ধারিত পাঠ্যক্রমের আলোকে সিলেট জেলা শিল্পকলা একাডেমির বছরব্যাপী নিয়মিত কার্যক্রম সংগীত, নৃত্য, নাটক, তালবাদ্যযন্ত্র, চারুকলা ও আবৃত্তি বিষয়ে শিশু ও সাধারণ বিভাগের আওতায় শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। বর্তমান পরিস্থিতি বিবেচনায় রেখে করোনা ভাইরাসের সংক্রমণ থেকে প্রশিক্ষণার্থীদের সুরক্ষিত রাখার লক্ষ্যে ৩০ এপ্রিল ২০২০ থেকে তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে অনলাইন প্রশিক্ষণ ক্লাস শুরু হয়ে ৩১ ডিসেম্বর পর্যন্ত পরিচালিত হয়। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের ব্যবস্থাপনা ও উদ্যোগে দেশের প্রথম সিলেট থেকে এই অনলাইন প্রশিক্ষণ কার্যক্রমটি শুরু হয়। শিশু ও সাধারণ বিভাগের প্রায় এক হাজার শিক্ষার্থীর অংশগ্রহণে একটি নির্ধারিত ফেসবুক গ্রুপে এই প্রশিক্ষণ কার্যক্রমটি পরিচালিত হয়ে আসছে। প্রশিক্ষক ও শিক্ষার্থীরা এই সংকটময় মুহূর্তেও প্রণীত সময়সূচি অনুযায়ী বাসা থেকেই কেউ ক্লাস পরিচালনা কিংবা কেউ ক্লাস গ্রহণ করছেন। ২০২১ শিক্ষাবর্ষের প্রশিক্ষণ ক্লাস ১ ফেব্রুয়ারি থেকে অনলাইনে শুরু হয়েছে।

**১১। লাইব্রেরী সংক্রান্ত কার্যক্রম :** জেলা শিল্পকলা একাডেমিতে একটি সুসজ্জিত লাইব্রেরি রয়েছে। লাইব্রেরিটিতে বর্তমানে পাঠকদের পড়ার জন্য সর্বমোট ১১৪২টি বই রয়েছে। পাশাপাশি বিক্রির জন্য শিল্প-সাহিত্য-সংস্কৃতির বইও রয়েছে। জেলা শিল্পকলা একাডেমির প্রশিক্ষণার্থী, প্রশিক্ষণার্থীদের অভিভাবক ছাড়াও এখানকার শিল্পী-সংস্কৃতিকর্মী এবং শিক্ষার্থীরা নিয়মিত লাইব্রেরিতে বই পড়তে আসেন। শুধুমাত্র বই পড়া কার্যক্রমের মধ্যে সীমাবদ্ধ না থেকে এর আওতায় নিয়মিত মাসিক পাঠচক্রেরও আয়োজনা করা হয়। করোনা সংকট জনিত কারণে স্বাস্থ্যবিধি মেনে বর্তমানে সীমিত পরিসরে এই কার্যক্রমটি পরিচালিত হচ্ছে।

সংযুক্ত :
১. আলোকচিত্র ২৪ কপি।
২. পেপার কাটিং ৪টি।

০৫/০১/২০২২

(অসিত বরণ দাশ গুপ্ত)
জেলা কালচারাল অফিসার
সিলেট
ফোন : ০৮২১-৭১৯০৫৮
sylhet@shilpakala.gov.bd

মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি
সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতির জন্য
১. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, সিলেট।